

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি-১ শাখা

নং সম(বিধি-১)বিবিধ-১০/২০০২-১৭৩(২০০), তারিখ: ২১-০৮-২০০৩/০৬-০৫-১৪১০

বিষয়: সরকারী দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের চাকুরীতে সরাসরি নিয়োগের কোটা পদ্ধতি সংশোধন।

সূত্র: (১) স্মারক নং-সম (বিধি-১)-এস-৮/৯৫(অংশ-২)-৫৬(৫০০), তারিখ: ১৭-০৩-১৯৯৭

(২) স্মারক নং সম (বিধি-১)-এস-৬/২০০২-২৬৯, তারিখ: ২২-০৮-২০০২

উপর্যুক্ত ১নং সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে সকল সরকারি, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং কর্পোরেশনের চাকুরির নন-গেজেটেড পদে সরাসরি নিয়োগের জন্য এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১০% কোটা সংরক্ষণ করা হয় এবং ইহা জেলা কোটা বহির্ভূত করা হয়। ২নং স্মারকের মাধ্যমে সংরক্ষিত উক্ত ১০% কোটা যথাযথভাবে অনুসরণপূর্বক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার এবং অধীনস' সকল পর্যায়ের নিয়োগকারী কর্তৃপক্ষকে অনুরূপ নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। কিন' তারপরও লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত কোটা যথাযথভাবে পূরণ করা হচ্ছে না।

২। এমতাবস্থায়, সকল সরকারি, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং কর্পোরেশনের চাকুরির নন-গেজেটেড পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত ১০% কোটা যথাযথভাবে বাস-বায়নের উদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ জানানো হল।

কাজী রওশন আক্তার

সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-১ শাখা

নং সম(বিধি-১)এস-১৪/৯৯-২৮৪, তারিখ: ০৪-০৯-২০০২/২০-০৫-১৪০৯

প্রেরক: মুহম্মদ আতাউর রহমান
যুগ্ম-সচিব (বিধি)
সংস্থাপন মন্ত্রণালয়।

প্রাপক: সচিব,
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
পুরাতন বিমান বন্দর ভবন
তেজগাঁও, ঢাকা।

বিষয়: সরাসরি নিয়োগের নির্ধারিত কোটা অনুসরণ।

সূত্র: (১) স্মারক নং-সম(বিধি-১)এস-৮/৯৫(অংশ-২)-২২৩(৫০০), তাং-৭-১০-১৯৯৮।

(২) স্মারক নং-সম(বিধি-১)এস-৮/৯৫(অংশ-১)-২০২(১০০০), তাং-৬-১২-১৯৯৯।

(৩) স্মারক নং-সম(বিধি-১)এস-১৪/৯৯-৯২(২৫০), তাং-২৮-০৬-২০০০।

মহোদয়,

উপরোক্ত বিষয় ও সূত্রসমূহের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মুক্তিযোদ্ধাদের জন্য নির্ধারিত ৩০% কোটা অন্য প্রার্থী দ্বারা পূরণ না করে সংরক্ষণ করার যে নির্দেশনা দেয়া হয়েছিল, তা সংশোধনক্রমে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, ২১ তম বি সি এস পরীক্ষা থেকে মুক্তিযোদ্ধাদের জন্য নির্ধারিত ৩০% কোটায় উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উক্ত কোটার শূন্য পদগুলো (ক্যাডার ও নন-ক্যাডার) মেধাভিত্তিক তালিকায় শীর্ষে অবস্থানকারী প্রার্থীদেরকে দিয়ে পূরণ করা যেতে পারে।

মুহম্মদ আতাউর রহমান
যুগ্ম-সচিব।